তারিখ ..12 MAY 2016.....
পৃষ্ঠা ..১..৬ কলাম..... ৪......

দৈনিক
ইত্তেফাক

# দিনাজপুর বোর্ডে সাফল্যের শীর্ষে রংপুর জেলা

■ স্টাফ রিপোর্টার, দিনাজপুর ও রংপুর প্রতিনিধি

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় রংপুর বিভাগের ৮টি জেলার মধ্যে শীর্ষে রয়েছে রংপুর জেলা।

২০১৬ সালের দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় রংপুর বিভাগের ৮টি জেলার ২৫৬৯টি বিদ্যালয়ের ১ লাখ ৪৯ হাজার ৫৯২ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে উত্তীর্ণ হন এক লাখ ৩৪ হাজার ২১ জন। পাসের হার ৮৯ দশমিক ৫৯। ছাত্রদের তুলনায় ছাত্রীদের পাসের হার বেশি। জিপিএ-৫ পেয়েছে ৮ হাজার ৮৯৯ জন। ২৬৯টি বিদ্যালয়ের শতভাগ পাসের রেকর্ড হয়েছে। কেউই পাস করেনি এমন বিদ্যালয়ের সংখ্যা ২টি। রংপুর বিভাগের ৮টি জেলার মধ্যে রংপুর জেলার পাসের হার ৯২ দশমিক ২১ ভাগ। এই জেলার ২৪ হাজার ৮৬২ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে আর জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৮২ জন। নীলফামারী জেলার পাসের হার ৯১ দশমিক ৯৯ ভাগ। ১৪ হাজার ৮৩৮ জন উত্তীর্ণ ও জিপিএ-৫ পেয়েছেন এক হাজার ৭২ জন। লালমনিরহাট জেলার পাসের হার ৯১ দশমিক ৬৯ ভাগ। ১১ হাজার ৬৩৪ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। জিপিএ-৫ পেয়েছেন ৪৯৯ জন। পঞ্চগড় জেলার পাসের হার ৯০ দশমিক ৯১ ভাগ। ৯ হাজার ৭১৫ জন উত্তীর্ণ ও জিপিএ-৫ পেয়েছেন ৪২২ জন। ঠাকুরগাঁও জেলার পাসের হার ৯০ দশমিক ৩৩ ভাগ। ১৩ হাজার ৮০১ জন উত্তীর্ণ ও জিপিএ-৫ পেয়েছে ৮৫৬ জন পরীক্ষার্থী। গাইবান্ধা জেলার পাসের হার ৮৯ দশমিক ৬৬ ভাগ। ১৭ হাজার ৮১২ জন উত্তীর্ণ ও ৮৮৫ জন জিপিএ-৫ পেয়েছেন। কুড়িগ্রাম জেলার পাসের হার ৮৬ দশমিক ২৬ ভাগ। ১৫ হাজার ৫৭৫ জন উত্তীর্ণ ও জিপিএ-৫ পেয়েছে ৬৬৭ জন। দিনাজপুর জেলার পাসের হার ৮৬ দশমিক ১৬ ভাগ। ২৫ হাজার ৭৮৪ জন উত্তীর্ণ হয়েছেন। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৪১৬ জন পরীক্ষার্থী।